রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, অক্টোবর ১৫, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
টিএ শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ২৩ আশ্বিন, ১৪৩১ বঙ্গাব্দ/০৮ অক্টোবর, ২০২৪ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ৩৩৬-আইন/২০২৪।—Ports Act, 1908 (Act No. XV of 1908), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 4 এর sub-section (1) এর clause (a), sub-section (2) এর সহিত পঠিতব্য, তে প্রদত্ত ক্ষমতাবলে, সরকার, নিম্ন তফসিলে বর্ণিত এলাকাকে "সিলেট নদী বন্দর" এর সীমানা নির্ধারণপূর্বক উহাতে উক্ত Act এর প্রয়োগ কার্যকর করিল, যথা :—

তফসিল

"সিলেট নদী বন্দর" এর—

(ক) পশ্চিম সীমানা : সুনামগঞ্জ জেলার ছাতক উপজেলার কালারুকা ইউনিয়নের অন্তর্গত আরতানপুর গ্রামের সন্নিকটে সুরমা নদীর উপর দিয়া আড়াআড়িভাবে ৯১° ৪২′ ০৫″ E দ্রাঘিমাংশ পর্যন্ত বিস্তৃত;

(খ) পূর্ব সীমানা : সিলেট জেলার কানাইঘাট উপজেলার পূর্ব দীঘিরপাড় ইউনিয়নের আটগ্রাম বাজার সংলগ্ন সুরমা নদীর উপর দিয়া আড়াআড়িভাবে ৯২° ২৪′ ৩৬″ E দ্রাঘিমাংশ পর্যন্ত বিস্তৃত;

(গ) পূর্ব-উত্তর সীমানা : সিলেট জেলার কানাইঘাট উপজেলার লক্ষীপ্রসাদ পূর্ব ইউনিয়নের লোভাছড়া জিরো পয়েন্ট এর সন্নিকটে সুরমা নদীর উপর দিয়া আড়াআড়িভাবে ৯২° ১৯′ ৩৪″ E দ্রাঘিমাংশ পর্যন্ত বিস্তৃত;


মূল্য : টাকা ৪.০০

(ঘ) ভূ-ভাগের সীমানা : উপরিউক্ত নদী বন্দর সীমানার আওতায় নদীর উভয় তীরে সাধারণ ভরাকটাল (Ordinary Spring Tide) এর সময় বন্দর এলাকায় সর্বোচ্চ পানি সমতল (Highest Water Level) হইতে ভূ-ভাগের দিকে ৫০ (পঞ্চাশ) মিটার পর্যন্ত বিস্তৃত।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ রফিকুল ইসলাম
সহকারী সচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd